
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন



# পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫

www.brdb.gov.bd

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....

| | |
|---|---|
| পজীক-৩য় পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিমন্ত্রীর মতবিনিময় সভা... | ২ |
| সচিব মহোদয়ের উপস্থিতিতে যশোরে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ... | ৩ |
| বার্ষিক কর্মসম্প্রদান চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত | ৪ |
| ৩০ দিন মেয়াদী সেলাই প্রশিক্ষণ, মোবাইল সার্ভিসিং এবং পাঁচ দিনব্যাপী উদ্যোক্তা প্রশিক্ষণের উদ্বোধন... | ৫ |
| রংপুরে বিআরডিবি'র সুফলভোগীদের উৎপাদিত পণ্যের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের শুভ উদ্বোধন... | ৬ |

## প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের উপস্থিতিতে উপপরিচালক সম্মেলন-২০২৪






২৯ মে ২০২৪ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি, ও জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড'র মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান (গ্রেড-১) মহোদয় ও বিআরডিবি'র কর্মকর্তাদের সমন্বয়ে বিআরডিবি'র ভবনস্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পনের মধ্যদিয়ে বিআরডিবি'র সম্মেলন কক্ষে উপপরিচালক সম্মেলন অনুষ্ঠিত হয়। বিআরডিবি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় মনীনয় প্রতিমন্ত্রী মহোদয় বলেন, সমবায় ভিত্তিক কৃষি উৎপাদন ও ব্যস্থাপনার মাধ্যমে ২০৪১ সালের মধ্যে দারিদ্র্য সীমা ৩% এর নিচে নামাতে বিআরডিবিকে অগ্রণী ভূমিকা রাখতে হবে। কেএসএস এর মাধ্যমে সমবায়ভিত্তিক কৃষির বিপ্লব ঘটিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমবায় স্বপ্ন সফলভাবে বাস্তবায়ন করতে হবে। সচিব মহোদয় বলেন, বিআরডিবি'র কারুপল্লী'কে দেশের উন্নতমানের হস্তশিল্পের সংগ্রহশালা হিসাবে গড়ে তোলা হবে। সভাপতিত্বের বক্তব্যে মহাপরিচালক মহোদয় বলেন, সমবায়ভিত্তিক কৃষি উৎপাদন ও ব্যস্থাপনার জন্য বিআরডিবি ৮টি জেলায় পাইলটিং প্রক্রিয়া শুরু করেছে।



## মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড। জাতির পিতার ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে বিআরডিবি কাজ করে যাচ্ছে।

বিআরডিবি'র ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার 'পল্লী পরিক্রমা' এর এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫ প্রকাশিত হল। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

**আঃ গাফ্‌ফার খান**
**মহাপরিচালক (গ্রেড-১)**

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে শ্রেষ্ঠ মাঠ সংগঠক নির্বাচিত হয়েছেন বিআরডিবি'র ইরেসপো প্রকল্পের মাঠ সংগঠক



বিআরডিবি'র ইরেসপো প্রকল্পের দারিদ্র্য বিমোচনে শ্রেষ্ঠ মাঠ সংগঠক হিসেবে যশোর জেলার ঝিকরগাছা উপজেলা মাঠ সংগঠক জেসমিন সুলতানাকে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে ২৬ জুন ২০২৬ তারিখে সন্মাননা সনদ ও পুরস্কার প্রদান করা হয়। সন্মাননা সনদ ও পুরস্কার তুলে দেন জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। এ সময় উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-০১), বিআরডিবি সহ মন্ত্রণালয়ের অধীন ১০টি দপ্তর/সংস্থার প্রধান ও মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫

আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী'র সম্মেলন কক্ষে ১৮ মে ২০২৪ তারিখে বিআরডিবি'র পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তাদের সমন্বয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব **মোঃ আব্দুল ওয়াদুদ**, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব শামীম আহমেদ, জেলা প্রশাসক, রাজশাহী এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব **আঃ গাফ্ফার খান** (গ্রেড-১) মহোদয়। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পজীক-৩ পর্যায়ের প্রকল্প পরিচালক, উপপরিচালক সহ বিআরডিবি'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ।




## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভা




২৭ জুন ২০২৪ খ্রি. তারিখে ঢাকার সাভারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড'র অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোরশেদ আলম, কর্মসূচি পরিচালক, বিআরডিবি, ঢাকা। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব মোঃ নুরুজ্জামান, উপপরিচালক, জনসংযোগ ও সমন্বয়, সদর দপ্তর, ঢাকা এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ জহিরুল হক মৃধা, উপপরিচালক, ঢাকা। আলোচনা সভায় সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষক, আইনজীবী, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিআরডিবি'র অংশীজন অংশগ্রহণ করেন। উপস্থিত অংশীজনদের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় হয় যা রেকর্ড নোট আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উপস্থিতিগণ বিআরডিবি'র সেবা প্রদানের বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫

# সচিব মহোদয়ের উপস্থিতিতে যশোরে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ

১৮ মে ২০২৪ তারিখ নারিকেল বাড়ীয়া সেবা সংঘ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ০২ পর্যায় কর্তৃক কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন, সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার, ডিসি, যশোর, জনাব মোঃ কামরুজ্জামান, উপপরিচালক, যশোর, জনাব এ.এস.এম. সোলায়মান, উপ-প্রকল্প পরিচালক, ইরেসপো। উক্ত প্রশিক্ষণের সভাপতিত্ব করেন জনাব হোসনে আরা তান্নি, উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর। প্রধান অতিথি বলেন, কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ বিআরডিবি'র ইরেসপো প্রকল্পের একটি ব্যতিক্রমধর্মী উদ্যোগ।




# পরিচালক সরেজমিন মহোদয়ের সাথে মানিকগঞ্জ জেলা সমিতি/দলের সুফলভোগীদের উঠান বৈঠক




জনাব নাদিরা হায়দার, পরিচালক (সরেজমিন) মহোদয়, বিআরডিবি ২৭ জুন ২০২৪ তারিখ মানিকগঞ্জ জেলা পরিদর্শন করেন। এ সময় তিনি জেলার সামগ্রিক কার্যক্রম পর্যালোচনা ও বিআরডিবি'র সুফলভোগীদের সাথে উঠান বৈঠক এবং কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। উক্ত সভায় উপস্থিত ছিলেন বিআরডিবি'র মানিকগঞ্জ জেলার উপপরিচালক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং সুফলভোগীগণ। সভার সুফলভোগীগণ তাদের বিভিন্ন অসুবিধার কথা তুলে ধরেন পরিচালক মহোদয়ের কাছে। বিআরডিবি'র পরিচালক সরেজমিন মহোদয় সুফলভোগীগণ সমস্যা সমাধানের বিষয়ে আশ্বস্ত করেন এবং বিভিন্ন বিষয়ে তাদের দিকনির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, নারীদের অর্থনৈতিক ভাবে সাবলম্বী হতে হবে এবং বাংলাদেশ সরকারের পল্লী উন্নয়নে সর্ববৃহৎ প্রতিষ্ঠান বিআরডিবি এই লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫

# মহাপরিচালক বিআরডিবি মহোদয় ও জেলার উপপরিচালকদের মাঝে বার্ষিক কর্মসম্প্রদান চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত

জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি ও জেলার উপপরিচালক মহোদয়দের মাঝে বার্ষিক কর্মসম্প্রদান চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ২৬ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড’র সম্মেলন কক্ষে। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিআরডিবি’র মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান মহোদয়। বিশেষ অতিথি হিসাবে ছিলেন জনাব মোঃ শহিদুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং জনাব নাদিরা হায়দার, পরিচালক, সরেজমিন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব সরদার মোঃ কেরামত আলী, পরিচালক, পরিকল্পনা ও প্রশিক্ষণ। এছাড়াও উপস্থিত ছিলেন বিআরডিবি’র বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাগণ।




# ৩০ দিন মেয়াদী সেলাই প্রশিক্ষণ, মোবাইল সার্ভিসিং এবং পাঁচ দিনব্যাপী উদ্যোক্তা প্রশিক্ষণের উদ্বোধন




বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিতপল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় ৩০ দিন মেয়াদী সেলাই প্রশিক্ষণ, মোবাইল সার্ভিসিং এবং পাঁচ দিনব্যাপী উদ্যোক্তা প্রশিক্ষণের উদ্বোধন করেন প্রধান অতিথি জনাব মোহাম্মদ জাহেদুর রহমান, জেলা প্রশাসক, পিরোজপুর। প্রধান অতিথি বলেন, নারীদের কর্মসংস্থান ও ক্ষমতায়নের জন্য বিআরডিবির বহুমুখী পদক্ষেপ নারী জাগরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই মতবিনিময় সভার সভাপতিত্ব করেন জনাব মোঃ আলী হোসেন, ইউআরডিও, উপস্থিত ছিলেন বিআরডিবি’র পিরোজপুর জেলার উপপরিচালক জনাব বিএম কামরুজ্জামান ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং সুফলভোগীগণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫

বিআরডিবি'র পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়ের আওতায় পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী গঠনের লক্ষ্যে দিনব্যাপী অবহিতকরণ কর্মশালা ১১ জুন ২০২৪ তারিখে বার্ড, কুমিল্লায় অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব **আঃ গাফ্ফার খান** (গ্রেড-০১) মহোদয়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব **সাইফ উদ্দিন আহমেদ, মহাপরিচালক, বার্ড, প্রকল্প পরিচালক জনাব মোঃ আলাউদ্দিন সরকার** এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব খন্দকার মু: মুশফিকুর রহমান, জেলা প্রশাসক, কুমিল্লা। এ সময় উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরডিবি'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ।




## জামালপুরে পজীক-৩য় পর্যায়ের সুফলভোগীদের ৯ দিনব্যাপী প্রশিক্ষণ




৩০ জুন ২০২৪ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য়' শীর্ষক প্রকল্পের সুফলভোগী সদস্যদের ক্ষুদ্র উদ্যোক্তা পরিণত করার লক্ষ্যে ৯ দিনব্যাপী 'গাভীপালন' বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শফিউর রহমান, জেলা প্রশাসক, জামালপুর মহোদয়। অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহবুবুর রহমান, ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, জামালপুর এবং জনাব মোঃ সাইফুল ইসলাম খান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), যুব উন্নয়ন অধিদপ্তর, জামালপুর। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ লুৎফর রহমান, উপপরিচালক, বিআরডিবি, জামালপুর।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৫






**যোগাযোগ:**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ ,কাওরান বাজার , ঢাকা ।

ফোন : ০২-৫৫০১১৭৩৪
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/
www.youtube.com/channel UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured
https://twitter.com/_BRDB





পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী গঠন ও প্রসারের লক্ষ্যে দিনব্যাপী অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয় ২৬ জুন ২০২৪ তারিখ বিসিএস প্রশাসন একাডেমির সম্মেলন কক্ষে। উক্ত কর্মশালার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। কর্মশালার সভাপতিত্ব করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি। এ সময় উপস্থিত ছিলেন বিআরডিবি'র পরিচালক, প্রকল্প পরিচালক, যুগ্মপরিচালক, উপপরিচালক এবং বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাবৃন্দ এবং প্রকল্পের সুফলভোগীগণ।





২৯ জুন ২০২৪ তারিখ রংপুরে বিআরডিবি'র সুফলভোগীদের উৎপাদিত পণ্যের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের শুভ উদ্বোধন করেন জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (গ্রেড-১) মহোদয় ও বিআরডিবি'র প্রকল্প পরিচালক, যুগ্মপরিচালক, উপপরিচালক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি মহোদয়, দ্রুততম সময়ে উদকনিক প্রকল্পের ডিপিপি প্রণয়নের নির্দেশনা প্রদান করে বলেন, পণ্যের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রটি রংপুরে বিআরডিবি'র সুফলভোগীদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণকে ত্বরান্বিত করবে এবং এই এলাকার মানুষের দারিদ্র্য হ্রাসকরণে গুরুত্বপুর্ণ আবদান রাখবে। । বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (গ্রেড-১) মহোদয় বলেন, উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি (উদকনিক) এর মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় মঙ্গা দূরীকরণ, কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি হয়েছে। এ প্রকল্পের সফলতা বিবেচনায় নিয়ে নতুন করে ডিপিপি প্রণয়নের কাজ চলছে। সরকার এ অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়নে বিআরডিবি'র মাধ্যমে কাজ করে যাচ্ছে।